

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৫

৫. কিতাবুল ঈমান (كَتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে এমন কিছু উদিত হয় যা মুখে উচ্চারণ করা জায়েয নেই- এমন ব্যক্তির থেকে আল্লাহ পাপ উঠিয়ে নিয়েছেন মর্মে হাদীস

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا وَضَعَ اللَّهُ مِنَ الْحَرَجِ عَنِ الْوَاجِدِ فِي نَفْسِهِ مَا لَا يَحِلُّ لَهُ أَنْ يَنْطِقَ بِهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَجُلُّ: يَا رَسُولَ الله إنا لنجد في مُحَمَّدُ بْنُ عَمْرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَجُلُّ: يَا رَسُولَ الله إنا لنجد في أَنْفُسِنَا أَشْيَاءَ مَا نُحِبُّ أَنْ نَتَكَلَّمَ بِهَا وَإِنَّ لَنَا مَا طَلَعَتْ عَلَيْهِ الشَّمْسُ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "قَدْ وَجَدْتُمْ ذَلِكَ"؟ قالوا: نعم, قال: "ذاك صريح الإيمان" عَلَيْهِ وَسَلَّمَ: أَبُو هُرَيْرَةَ المحدث: شعيب الأرنؤوط المصدر: صحيح ابن حبان الراوي: أبو هُرَيْرَةَ المحدث: أبو هُرَيْرَةَ المحدث: إسناده حسن.

বাংলা

১৪৫. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: এক ব্যক্তি বললো: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা আমাদের অন্তরে এমন কিছু পাই, যা আমরা মুখে উচ্চারণ করা পছন্দ করি না, যদিও এর বিনিময়ে সূর্য যার উপর উদিত হয় অর্থাৎ পৃথিবীর মধ্যস্থিত সকল কিছু দেওয়া হয়। "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তোমরা আসলেই এমনটা অনুভব করো কী?" তাঁরা বললেন: হ্যাঁ, আমরা এমনটা অনুভব করি।" অতঃপর তিনি বললেন: "এটাই তো সুস্পষ্ট ঈমান।"[1] [2]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩২, ২৩৮, ২৪০; আবু দাউদ: ৫১১১, ৫০২৩; মুসনাদ আহমাদ: ৯৬৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আয যিলাল: ৬৫৫)



[2] "এটাই তো সুস্পষ্ট ঈমান" যে ব্যক্তি মনে অবাঞ্চিত কথার উদয় হওয়াকে এতোটাই অপছন্দ করে যে, তাকে দুনিয়ার সমস্ত কিছু দেওয়া হলেও তা সে মুখে উচ্চারণ করবে না, সেসব কথা বিশ্বাস করা তো বহু দূরের কথা। কাজেই অবাঞ্চিত ভাবনার ব্যাপারে মনের এমন দৃঢ় চেতনা কেবল পাক্কা মুমিনের অন্তরেই জাগ্রত হতে পারে। বস্তুত এই ধরণের মনোভাব সুস্পষ্টে ঈমান থেকেই উৎসারিত হয়। ঈমানই মানুষের মনে এমন গুরুভাব জাগ্রত করে। আর কাফির, ফাজের, মুনাফিকদের নিয়ে শয়তান অনায়াসে খেলা করে, তাদের অন্তরে এমন পাপ বোধ আদৌ জন্ম হয় না। (দ্রেষ্টব্য: শারহু মুসলিম: ২/১৫৪) -অনুবাদক

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন